


যুগান্তর

ক্রিকেট খেলা নিয়ে বিরোধ

ঢামেক ছাত্রলীগের দু'পক্ষের সংঘর্ষে আহত ২৪

প্রকাশ : ০৬ জুলাই ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



যুগান্তর রিপোর্ট

ক্রিকেট খেলা নিয়ে বিরোধে ঢাকা মেডিকেল কলেজ ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষে অন্তত ২৪ জন আহত হয়েছেন। শুক্রবার দুপুর ও সন্ধ্যায় এ ঘটনা ঘটে। আহতদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেয়া হয়।

চকবাজার থানার পরিদর্শক (তদন্ত) কবির হোসেন হাওলাদার বলেন, সকাল ৯টার দিকে তুচ্ছ বিষয় নিয়ে শিক্ষার্থীদের দু'পক্ষের মধ্যে বিরোধের সূত্রপাত হয়। এর জের ধরে তারা সংঘর্ষে জড়ায়। খবর পেয়ে সেখানে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়।

পুলিশ ও ঢামেক সূত্র জানায়, ঢাকা মেডিকেল কলেজের ডা. ফজলে রাব্বি হলের শিক্ষার্থীদের মধ্যে ক্রিকেট খেলা নিয়ে বাকবিতন্ডার সূত্রপাত হয়। এর ফলে হল এলাকায় উত্তেজনা বিরাজ করে। একপর্যায়ে দুপুরে দুই পক্ষ মুখোমুখি হলে সংঘর্ষ বেঁধে যায়। তারা লাঠিসোটা নিয়ে একে অপরের ওপর ঝাঁপিয়ে পড়ে। এতে আহত ২৪ জন ঢামেক হাসপাতালে চিকিৎসা নেন। তাদের মধ্যে ১৯ জনকে ভর্তি করা হয়েছে। আহতদের মধ্যে রয়েছেন- সাইফুল, সুমন, রুমান শাহরিয়ার, নিশাত, আবদুর রউফ, নিয়ামুল, প্রকৃতি, তানজিন, তন্ময়, প্রান্ত, অস্বিন, ফাহিম, অর্পণ, সৌরভ আকাস, শাহরিয়ার, নিশাত, প্রত্যয়, লেমন ও উল্লাস। তবে আহতদের বেশিরভাগের আঘাত তেমন গুরুতর নয় বলে জানিয়েছেন চিকিৎসক।

এদিকে সংঘর্ষের ঘটনার পর ডা. ফজলে রাব্বী হল এলাকায় নিরাপত্তা জোরদার করা হয়েছে। পরিচয় নিশ্চিত করে ঢুকতে দেয়া হচ্ছে হলের ভেতর। রাতে বিবদমান দুই পক্ষের প্রতিনিধিদের নিয়ে ঢামেক কর্তৃপক্ষের সঙ্গে বৈঠক করে পুলিশ।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।